

অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রীশ্রী মন্ত্রণালয়  
জননিরাপত্তা বিভাগ  
সচিবালয় নিরাপত্তা শাখা  
www.mhapsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৩৫.০২.০০৩.১৯-৯৯


তারিখঃ ৪ অগ্রহায়ণ ১৪৩১  
১৯ নভেম্বর ২০২৪

বিষয়ঃ মাননীয় প্রধান উপদেষ্টা এর বাংলাদেশ সচিবালয়ে আগমন উপলক্ষ্যে যথাসময়ে কর্মকর্তা-কর্মচারীদের অফিসে আগমন ও পাশ ইস্যু বন্ধকরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৩১১.৩১.০০৪.২২.৬১৪, তারিখ: ১৯ নভেম্বর ২০২৪।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা আগামী ২০ নভেম্বর ২০২৪ তারিখ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ সচিবালয়ের ৬নম্বর ভবনের সংরক্ষিত এলাকায় উপদেষ্টা পরিষদ কক্ষে উপদেষ্টা পরিষদ বৈঠকে উপস্থিত থাকবেন মর্মে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০২। এমতাবস্থায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা এর সচিবালয়ে আগমন উপলক্ষ্যে সচিবালয়ের সকল মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা/কর্মচারীদেরকে আগামী ২০ নভেম্বর ২০২৪ তারিখ বুধবার সকাল ৯:৩০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে পরিচয়পত্র সহ সচিবালয়ে প্রবেশ নিশ্চিতকরণ; মাননীয় প্রধান উপদেষ্টা সচিবালয়ে অবস্থানকালীন কোন প্রবেশ পাশ ইস্যু না করা এবং প্রয়োজনীয় সামগ্রী বহন সীমিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ তোফায়েল হোসেন  
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৩৮০৩  
Security2@mhapsd.gov.bd

বিতরণঃ

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব/সচিব (সকল) .....
০৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব (সকল).....
০৫. মাননীয় বিশেষ সহকারী এর একান্ত সচিব (সকল).....
০৬. উপ-পুলিশ কমিশনার (নিরাপত্তা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যানবাহন ব্যবস্থাপনা, দর্শনার্থী নিয়ন্ত্রণসহ সচিবালয়ের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
০৭. অফিস কপি।